দৈনিক ইনকিলাব

তারিখ 03 SEP 1987

পৃষ্ঠা ... ... ...

7

# ইসলামী বিশ্ববিদ্যালয়ে নতুন রেজিস্ট্রার

ইসলামী বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার পদে গতকাল হাফেজ মাওলানা মোঃ জাফর কাজে যোগদান করেছেন।

মাওলানা জাফর একজন বহুভাষাবিদ। বিশেষ করে, আধুনিক আরবী ভাষায় একজন দক্ষ ও পণ্ডিত ব্যক্তি। তিনি লাহোরের জামেয়ায়ে আশরাফিয়া থেকে সর্বোচ্চ ডিগ্রী লাভ করার পর ঢাকা বিশ্ববিদ্যালয় থেকে অর্থনীতিতে মাস্টার ডিগ্রী লাভ করেন। বিএসএস (প্রশাসন) মাওলানা জাফর বিভিন্ন মুসলিম দেশ ভ্রমণ করেছেন। তিনি ইতিপূর্বে গুরুত্বপূর্ণ সরকারী পদে নিয়োজিত ছিলেন। তিনি তার যোগ্যতা ও প্রতিভার দ্বারা মধ্য প্রাচ্যের মুসলিম দেশসমূহের সাথে ইসলামী বিশ্ববিদ্যালয়ের সম্পর্ক স্থাপনে অবদান রাখতে সক্ষম হবেন বলে আশা করা যাচ্ছে। সংবাদ বিজ্ঞপ্তি'র।